বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৯৫/ তারিখঃ /১০/২০১৮খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৭.৪৯০০.০১৫.০৪.০০৫.১৮-২২২(ক); তারিখঃ ২৭ জুন ২০১৮
২) নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৯৫/৭১০/৩; তারিখঃ ০৮/০৮/২০১৭খ্রিঃ
৩) নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৯৫/৬২৩/৩; তারিখঃ ১৮/০৬/২০১৭খ্রিঃ
৪) স্মারক নং- ০৫.৪৭.৪৯৭৯.০০০.০২.০৩৪.১৭-২২৭; তারিখঃ ০৯/০৩/২০১৭খ্রিঃ
৫) নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৯৫/২১৫/৩; তারিখঃ ২৮/০২/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলাধীন যাদুরচর মহিউসসুন্নাহ আলিম মাদ্রাসার অধ্যক্ষ শহীদ মাসউদ আহমদ এর বিরুদ্ধে জনাব মোঃ মজিবুর রহমান বঙ্গবাসী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম একখানা অভিযোগপত্র দাখিল করেন। অভিযোগপত্রে অধ্যক্ষের বিরুদ্ধে বিভিন্ন মামলা থাকায় বরখাস্ত থাকা সত্বেও মাদ্রাসার দায়িত্ব পালন করা, অবৈধভাবে কমিটি গঠন করে বোর্ড হতে অনুমোদন গ্রহণ, বিধি বহির্ভূতভাবে নিয়োগ প্রদানসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়।

উপরিল্লিখিত অভিযোগসমূহের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ৫নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রামকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম সূত্রোস্থ ৪নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অধ্যক্ষ শহীদ মাসউদ আহমদ এর বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া গিয়েছে। অধ্যক্ষের বিরুদ্ধে অবৈধ জমি বিক্রয়, জমি দখল করে বসতি স্থাপন, মারপিট, বাড়ীঘর ভাংচুর, সরকারি অর্থ আত্মসাৎ ইত্যাদি বিষয়ে মামলা রয়েছে। এছাড়া সরকারি বেতন ভাতা স্থগিত থাকা ও সভাপতি কর্তৃক বহিস্কৃত হওয়া সত্বেও ৯জন শিক্ষককে নিয়োগ প্রদানে সম্পৃক্ত থাকার বিষয়টি প্রমাণিত হয়েছে।

অধ্যক্ষ হিসেবে জনাব শহীদ মাসউদ আহমদ এর এহেন কার্যকলাপ বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকুরিবিধি-১৯৭৯ এর পরিপন্থি হওয়ায় কেন তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসা পরিচালনা কমিটি (গভার্ণিং বডি)-কে নির্দেশ প্রদান করা হবে না মর্মে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে অধ্যক্ষ জবাব দাখিল করেন। জবাবে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের বিষয়ে অস্বীকার করেন।

পরবর্তীতে অধিকতর স্বচ্ছতার জন্য উত্থাপিত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামত/সুপারিশসহ একটি প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রামকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হলে জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, তদন্ত কর্মকর্তা মাদ্রাসায় সরজমিনে তদন্তের জন্য যাওয়ার পর অধ্যক্ষকে মাদ্রাসায় পাননি এবং অধ্যক্ষের বিরুদ্ধে একটি ফৌজদারী মামলায় গ্রেফতারী পরোয়ানা থাকায় তিনি পলাতক আছেন মর্মে উপস্থিত স্বাক্ষীগণ তাঁকে অবহিত করেছেন।

অধ্যক্ষ হিসেবে জনাব শহীদ মাসউদ আহমদ এর এহেন কার্যকলাপ বেসরকারি মাদ্রাসা শিক্ষকের চাকরিবিধি-১৯৭৯ এর পরিপন্থি হওয়ায় কেন এমপিও বন্ধসহ তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাদ্রাসা পরিচালনা কমিটি (গভার্ণিং বডি)-কে নির্দেশ প্রদান করা হবে না আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ জনাব শহীদ মাসউদ আহমদ, পিতা- আলহাজ্ব আলাউদ্দিন
গ্রাম- ~~দক্ষারবাড়ী~~, ডাকঘর- বাদুরচর, উপজেলা- রৌমারী, জেলা- কুড়িগ্রাম
ও
অধ্যক্ষ, যাদুরচর মহিউসসুন্নাহ আলিম মাদ্রাসা, রৌমারী, কুড়িগ্রাম।

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-১৯৫/ ৭৬০/৪ তারিখঃ ০৮/১০/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. উপজেলা নির্বাহী অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রৌমারী, কুড়িগ্রাম।
৫. সভাপতি- গভার্ণিং বডি, যাদুরচর মহিউসসুন্নাহ আলিম মাদ্রাসা, রৌমারী, কুড়িগ্রাম।
(তাঁকে Criminal Revision No-69/2016 এর সর্বশেষ অবস্থা মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের সার্টিফাইড কপির মাধ্যমে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
৬. জনাব মোঃ মজিবুর রহমান বঙ্গবাসী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রৌমারী, কুড়িগ্রাম।
৭. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

F:\G\Admin\Shujan\2018\10. Octobor\05.10.2018\Kuri-195